ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২০৩২

আগরতলা, ৩০ জুলাই, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

“জিবির সুপার স্পেশালিটি ব্লকের টেন্ডার ঘিরে অনিয়মের অভিযোগ,” এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ২৬ জুলাই, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, উল্লিখিত ই-টেন্ডারটি কোনো সংস্থাকে প্রদান করা হয়নি বা এই বিষয়ে কোনো চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়নি।টেন্ডারের শর্তাবলি সংশোধনের প্রয়োজনীয়তা উপলব্ধি করে টেন্ডারটি পূর্বেই বাতিল করা হয়েছে। টেন্ডার প্রক্রিয়াটি সম্পূর্ণ স্বচ্ছভাবে পরিচালিত হয়েছে। সরকারের ই-প্রকিউরমেন্ট পোর্টালের মাধ্যমে বিধিসম্মতভাবে টেন্ডার আহ্বান করা হয়েছিল। সব শর্তাবলি প্রকাশ্যে ছিল এবং তা সকল যোগ্য সংস্থার জন্য সমভাবে প্রযোজ্য ছিল। এছাড়াও, সংবাদপত্রে কোনো নির্দিষ্ট সংস্থাকে সুবিধা পাইয়ে দেওয়ার যে অভিযোগ করা হয়েছে তা ভিত্তিহীন। শর্তাবলিতে কোনো পরিবর্তন থাকলে তা শুধুমাত্র মানোন্নয়ন, নিরাপত্তা এবং পরিষেবার মান বজায় রাখার জন্যই করা হয়েছিল। এসব সিদ্ধান্ত প্রি-বিড সভা এবং প্রশাসনিক পর্যবেক্ষণের পরেই গ্রহণ করা হয়। টেন্ডার ফি বা শর্তাবলির পরিবর্তন প্রশাসনিক ও আর্থিক যৌক্তিকতার ভিত্তিতে নির্ধারিত হয়েছিল এবং কোনো ব্যক্তির বিশেষ নির্দেশে বা প্রভাবিত হয়ে নয়। এদিকে, প্রকাশিত সংবাদপত্রে যে দুর্নীতির অভিযোগ করা হয়েছে তা অসত্য ও বিভ্রান্তিকর। জিবিপি হাসপাতালের তরফে প্রতিটি পদক্ষেপ দায়িত্বশীলতার সাথে এবং সরকারি নীতিমালা অনুসরণ করে গৃহীত হয়েছে। রোগী কল্যাণ এবং সেবার মান উন্নয়নই ছিল এর মুখ্য উদ্দেশ্য।

*****